**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 02-04 -2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Assembly Aession Adjourned :

রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন গতকাল শেষ হয়েছে| বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন গতকাল বিকেলে অধিবেশন অনির্দিষ্টকালের জন্য মুলতবী ঘোষণা করেন| এটি ছিল ত্রয়োদশ বিধানসভার ৭ম অধিবেশন| উল্লেখ্য, গত ২১ শে মার্চ বিধানসভার বাজেট অধিবেশন শুরু হয়েছিল|

**********************

## CM-Education :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা জানিয়েছেন, পিএম-জনমন এবং ধরতি আভা জনজাতি গ্রাম উৎকর্ষ অভিযান এই দুটি প্রকল্পে এডিসি এলাকায় ৩৯টি হোস্টেল তৈরির জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অনুমোদন পাওয়া গেছে। গতকাল বিধানসভায় রেফারেন্স পিরিয়ডে বিধায়ক পাঠানলাল জমাতিয়ার জনস্বার্থে আনা এক নোটিশের জবাবে মুখ্যমন্ত্রী এ তথ্য জানান। তিনি জানান, এডিসি পরিচালিত বিদ্যালয়গুলির ছাত্রছাত্রীদের গুণগত শিক্ষা প্রদানে রাজ্য সরকার বদ্ধপরিকর।

মুখ্যমন্ত্রী আরও জানান, এডিসি এলাকার বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের পড়াশুনার পাশাপাশি সঠিক পুষ্টি যোগান দেওয়া এবং তাদের বিদ্যালয়ে আসার জন্য আগ্রহী করে তুলতে পিএম-পোষণ প্রকল্পের অধীনে এডিসি এলাকার প্রতিটি উচ্চ ও নিম্ন বুনিয়াদি বিদ্যালয়ে রান্না করা খাবার দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

**********************

**Assembly-8th Pay Comission :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেছেন, অষ্টম পে কমিশন গঠন করার বিষয়টি রাজ্য সরকারের বিবেচনাধীন। যথাযথ সময়ে এ ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে। গতকাল রাজ্য বিধানসভায় প্রশ্নোত্তর পর্বে বিধায়ক গোপাল চন্দ্র রায়ের এক প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী এ তথ্য জানিয়েছেন। রাজ্য সরকার কেন্দ্রের সঙ্গে রাজ্য সরকারের কর্মচারীদের মহার্ঘভাতা প্রদানের যে ব্যবধান রয়েছে তা ক্রমান্বয়ে কমানোর চেষ্টা করছে বলে অর্থমন্ত্রী জানিয়েছেন।

**********************

**Assembly-Health :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা জানিয়েছেন, রাজ্যে চার শতাধিক চিকিৎসক নিয়োগের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পক্ষ থেকে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হয়েছে। বিধানসভায় গতাকাল বিধায়ক অশোক চন্দ্র মিত্রের এক প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী এ তথ্য জানিয়েছেন। তিনি আরও জানান, স্বাস্থ্য দপ্তরের নার্সিং অফিসারের মোট অনুমোদিত পদের সংখ্যা ২ হাজার ৬৬৮টি। এর মধ্যে রাজ্যে বর্তমানে শূন্য পদ রয়েছে ৪৩২টি।

**********************

**Assembly-Pipe Line Gas :**

শিল্প ও বানিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা জানিয়েছেন, রাজ্যে আরো ছয়টি জেলা- খোয়াই, সিপাহীজলা, উত্তর ত্রিপুরা, দক্ষিন ত্রিপুরা, উনকোটি ও ধলাই জেলায় পাইপলাইনের মাধ্যমে বাড়ি বাড়ি রান্নার গ্যাস সরবরাহ করা হবে| গতকাল বিধানসভায় বিধায়ক অন্তরা সরকার দেব-এর এক দৃষ্টি আকর্ষনী নোটিশের জবাবে তিনি একথা জানান|

**********************

**CM-Reliance Group :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রিলায়েন্স গ্রুপ ত্রিপুরার প্রাকৃতিক সম্পদগুলি ব্যবহার করে রাজ্যের উন্নতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে এমন কিছু মূলক্ষেত্র চিহ্নিত করা হয়েছে। এর মধ্যে রয়েছে প্রাকৃতিক গ্যাস, বাঁশ, রাবার, কৃষি ও উদ্যানজাত পণ্য, ঔষধি গাছপালা ইত্যাদি। সম্প্রতি, রিলায়েন্স গ্রুপের উচ্চ পদস্থ কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে ত্রিপুরা ডাটা সেন্টার পলিসি, 2021 কাজে লাগিয়ে রিলায়েন্স জিওকে আইটি এবং আইটিইএস'র ক্ষেত্রে সুবিধাজনক শর্তে তাদের পরিষেবা সম্প্রসারণ করার জন্য বলা হয়েছে। তাছাড়াও আগরতলায় একটি বিপিও কল সেন্টার স্থাপন করার জন্য রিলায়েন্স জিওকে বলা হয়েছে। গতকাল বিধানসভায় রেফারেন্স পিরিয়ডে মুখ্য সচেতক কল্যাণী সাহা রায়ের জনস্বার্থে আনা এক নোটিশের জবাবে মুখ্যমন্ত্রী এ তথ্য জানান।

**********************

**NITI-NCAER:**

অর্থমন্ত্রী নির্মলা সীতারমন গতকাল নতুন দিল্লিতে 'NITI NCAER রাজ্য অর্থনৈতিক ফোরাম' পোর্টালের সূচনা করেছেন। NITI Aayog, ন্যাশনাল কাউন্সিল অফ অ্যাপ্লাইড ইকোনমিক রিসার্চ বা NCAER-এর সহযোগিতায় এই পোর্টালটি তৈরি করেছে। এই পোর্টালটি প্রায় ৩০ বছর ধরে সংগৃহিত সামাজিক, অর্থনৈতিক ও রাজস্ব সংক্রান্ত তথ্য, গবেষণাপত্র এবং বিভিন্ন রাজ্যের অর্থব্যবস্থার উপর বিশেষজ্ঞদের ভাষ্যের একটি বিস্তৃত ভাণ্ডার।

**********************

**TSR-Dhalai :**

ধলাই জেলার কচুছড়াস্থিত টিএসআর তৃতীয় বাহিনীর সদর দপ্তরে গতকাল বাহিনীর ২৯তম প্রতিষ্ঠা দিবস পালন করা হয়| উদ্বোধন করেন রাজ্য পুলিশের মহা নির্দেশক অমিতাভ রঞ্জন। প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত এক রক্তদান শিবিরে ১০১ জন জওয়ান স্বেচ্ছায় রক্তদান করেন। অনুষ্ঠানে চিত্র প্রদর্শনী, বাহিনীর জওয়ানদের উৎপাদিত ফসল ও পণ্য সামগ্রী নিয়ে স্টল খোলা হয় এবং শহীদ পরিবারের সদস্যদের সম্মান জানানো হয়।

**********************

**TBSE Board :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের উত্তর পত্র মূল্যায়নের কাজ আজ থেকে শুরু হচ্ছে। চলবে ১৫ই এপ্রিল পর্যন্ত। পর্ষদ সভাপতি ড. ধনঞ্জয় গণ চৌধুরী গতকাল এখবর জানান| তিনি জানান, বড়দোয়ালী দ্বাদশ শ্রেণী বিদ্যালয় এবং নেতাজী সুভাষ বিদ্যানিকেতনে উচ্চ মাধ্যমিক পরীক্ষার এবং বাণী বিদ্যাপীঠ, বিজয় কুমার বালিকা বিদ্যালয়, বোধজং বালিকা বিদ্যালয় ও কামিনী কুমার সিংহ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে মাধ্যমিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন করা হবে|

**********************

**Khumulung-College :**

ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের উদ্যোগে গতকাল খুমুলুঙ সরকারি মহাবিদ্যালয়ে ইকো আর্ট-এর ওপর একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্লাস্টিক ব্যবহারের বিষয়ে আলোচনা করেন সরকারী কারু ও চারু শিল্প মহাবিদ্যালয়ের অধ্যাপক মণীশ ভট্টাচার্য্য, সৌরভ দেববরমা এবং মৃন্ময় দেব্বর্মা।

**********************

**Chaitra Mela :**

আগরতলা শহরে গতকাল থেকে চৈত্র মেলা শুরু হয়েছে।চলবে আগামী ১৪ই এপ্রিল পর্যন্ত। শহরের শকুন্তলা রোড, ওরিয়েন্ট চৌমুহনী ও চিলড্রেন্স পার্ক সংলগ্ন এলাকায় ব্যবসায়ীরা তাদের পসরা সাজিয়ে বসেছেন।

**********************

**Weather:**

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ প্রধানত পরিস্কার থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি। আগরতলা বিমানবন্দরে আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রি সেলসিয়াস। এদিকে, সারা রাজ্যে আবহাওয়া থাকবে উষ্ণ এবং আর্দ্র। উত্তর ত্রিপুরা জেলার কোথাও কোথাও বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

**********************

**********************